**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব) এর দপ্তর
বাংলাদেশ রেলওয়ে
সিআরবি, চট্টগ্রাম-৪০০০
**www.railway.gov.bd**

নং-৫৪.০১.১৫০০.১১৭.৯১.০০১.২৬-৩৪৫ তারিখ : ১৫ বৈশাখ, ১৪৩৩
২৮ এপ্রিল, ২০২৬

বাংলাদেশ রেলওয়ের পূর্বাঞ্চলের বিভিন্ন মজুদী ডিপো এবং ভোক্তা বিভাগীয় কারখানা/ পরিচালন বিভাগের জন্য প্রয়োজনীয় মালামাল (কাঁচামাল, মনোহরি দ্রব্য, যান্ত্রিক, ইলেকট্রিক্যাল, সিগনালিং, কম্পিউটার ও আইসিটি যন্ত্রপাতি ও খুচরা যন্ত্রাংশ, আসবাবপত্র, প্রিন্টিং, পোষাক পরিচ্ছদ ইত্যাদি) ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রামের দপ্তরে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি-৬৮ অনুযায়ী যোগ্যতাসম্পন্ন সরবরাহকারীর তালিকা প্রস্তুত ও হালনাগাদ করা হবে।

২০২৬-২৭ অর্থ বছরের জন্য এক বছর মেয়াদে তালিকাভুক্তি বা তালিকাভুক্তি নবায়ন/হালনাগাদ করতে ইচ্ছুক সম্ভাব্য সরবরাহকারীগণকে তাদের যোগ্যতার সমর্থনে নিম্নবর্ণিত দলিলাদিসহ নির্ধারিত ফরমে আবেদন দাখিলের জন্য আহবান জানানো হলো।

## যোগ্যতাসম্পন্ন সরবরাহকারী তালিকাভুক্তি/হালনাগাদের জন্য আবেদন আহবান বিজ্ঞপ্তি

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রণালয়/বিভাগ | **রেলপথ মন্ত্রণালয়** | |
| ২. | সংস্থা | **বাংলাদেশ রেলওয়ে** | |
| ৩. | ক্রয়কারীর নাম | সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব), সিআরবি, চট্টগ্রাম | |
| ৪. | ক্রয়কারীর জেলা | চট্টগ্রাম | |
| ৫. | যে জন্য আবেদন আহবান | **তালিকাভুক্তি/হালনাগাদকরণ/নবায়ন** | |
| ৬. | বিজ্ঞপ্তির সূত্র নং | ৫৪.০১.১৫০০.১১৭.৯১.০০১.২৬-০১ | |
| ৭. | তারিখ | ২২ এপ্রিল, ২০২৬। | |
| | **মূলতথ্য** | | |
| ৮. | ক্রয় পদ্ধতি | **সীমিত দরপত্র পদ্ধতি (অভ্যন্তরীণ)** | |
| | **নির্দিষ্ট তথ্য** | | |
| ৯. | **আবেদনের সর্বশেষ তারিখ ও সময়** | **তারিখ** | **সময়** |
| | আবেদন ফরম ক্রয়/সংগ্রহ | **২১ মে, ২০২৬** | **১৫.০০ ঘটিকা।** |
| | আবেদনপত্র দাখিল | **২৪ মে, ২০২৬** | **১৫.০০ ঘটিকা।** |
| ১০. | আবেদন প্রাপ্তি ও দাখিল | **অফিসের নাম ও ঠিকানা** | |
| | *আবেদন ফরম প্রাপ্তি স্থান* | সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব) এর দপ্তর, সিটিসি শাখা, কক্ষ নং ২৪০, সিআরবি, চট্টগ্রাম। | |
| | *আবেদন ফরম দাখিলের স্থান* | সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব) এর দপ্তর, সিটিসি শাখা, কক্ষ নং ২৪০, সিআরবি, চট্টগ্রাম। | |
| | **আবেদনকারীর জন্য তথ্য** | | |
| ১১. | আবেদনকারীর যোগ্যতা | বাংলাদেশের প্রকৃত নাগরিক যারা নিম্নবর্ণিত দলিলাদিসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ক্রয় চুক্তিবদ্ধ হওয়ার জন্য বৈধ আবেদনকারী হিসেবে বিবেচ্য হবেনঃ<br>➢ কোম্পানীর নিবন্ধনপত্র/ রেজিস্ট্রেশন দলিল (কোম্পানী আইন অনুযায়ী নিবন্ধিত/নিগমিত কোম্পানীর ক্ষেত্রে) অথবা মালিকানা সংক্রান্ত নোটারিযুক্ত হলফনামা (কোম্পানী ব্যতিত অন্যান্য ক্ষেত্রে)।<br>➢ হালনাগাদ ট্রেড লাইসেন্স।<br>➢ আয়কর নম্বর সনদ ও ২০২৫-২৬ করবর্ষের আয়কর রিটার্ণ পরিশোধের প্রমাণপত্র।<br>➢ অনলাইনে সংগৃহীত BIN (13 Digit) মূল্য সংযোজন কর সনদ।<br>➢ আর্থিক সক্ষমতার প্রমাণ পত্র (মূলকপি)।<br>➢ প্রতিষ্ঠান প্রশাসক/ মালিকের জাতীয় পরিচয় পত্র ও ২ কপি পাসপোর্ট আকারের ছবি।<br>➢ প্রতিষ্ঠান প্রশাসক/ মালিক কর্তৃক প্রতিনিধি মনোনয়ন পত্র।<br>➢ মনোনীত ব্যক্তির জাতীয় পরিচয় পত্র ও ২ কপি পাসপোর্ট আকারের ছবি ও নোটারীকৃত প্রতিনিধির হলফনামা। | |
| ১২. | আবেদন ফরমের মূল্য (টাকা) | **৫০০/- (পাঁচ শত) টাকা; এ. চালানের (কোড নং-১৪২২৩২৮) মাধ্যমে পরিশোধ্য।** | |
| ১৩ | তালিকাভুক্তি/ নবায়ন ফি | **(ক) তালিকাভুক্তি ফি ৫০০০/- (পাঁচ হাজার টাকা মাত্র) + ১৫% মুল্য সংযোজন কর।**<br>**(খ) একক মালিকাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী নারী হলে তালিকাভুক্তি ফি ৩,০০০/- (তিন হাজার টাকা মাত্র) + ১৫% মুল্য সংযোজন কর।**<br>**(গ) নবায়ন ফি ২০০০/- (দুই হাজার টাকা মাত্র) + ১৫% মুল্য সংযোজন কর।** | |

| ক্রয়কারীর বিস্তারিত বিবরণ | | | |
|---|---|---|---|
| ১৪. | আবেদন আহবানকারী কর্মকর্তার নাম | মোঃ রাহিদ হোসেন | |
| ১৫. | আবেদন আহবানকারী কর্মকর্তার পদবি | সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব) | |
| ১৬. | আবেদন আহবানকারী কর্মকর্তার ঠিকানা | সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব) এর দপ্তর, সিআরবি, চট্টগ্রাম। | |
| ১৭. | আবেদন আহবানকারী কর্মকর্তার সঙ্গে যোগাযোগের জন্য তথ্য | **ফোনঃ ০১৭১১৬৯১৬৫২** | **ই-মেইলঃ cose@railway.gov.bd** |
| ১৮. | আবেদন আহবানকারী সকল আবেদন বাতিলের অধিকার সংরক্ষণ করে। | | |
| ১৯ | অন্যান্য নির্দেশাবলীঃ<br>(ক) বিলম্বে প্রেরিত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।<br>(খ) তালিকাভুক্তির আবেদন ফরম এর ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা বাংলাদেশ ব্যাংকের যে কোন তফসিলভুক্ত ব্যাংকে কোড নং-১৪২২৩২৮ তে **মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে অথবা অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম** এর অনুকূলে এ. চালানের মাধ্যমে জমা করে এ. চালানের কপি সংগ্রহ করতে হবে। এ. চালানের কপি এই দপ্তরের সিটিসি শাখায় জমা করে আবেদন ফরম সংগ্রহ করতে হবে।<br>(গ) বিস্তারিত তথ্য তালিকাভুক্তির আবেদন ফরমে পাওয়া যাবে।<br>(ঘ) যারা ২০২৫ সালের পূর্বে এই দপ্তরে তালিকাভুক্ত হয়ে ২০২৫-২৬ অর্থ সালে হালনাগাদ করেননি তারা নতুন আবেদনকারী হিসেবে বিবেচিত হবেন এবং তাদেরকে তালিকাভুক্তি ফি সহ নির্ধারিত আবেদন ফরমে প্রয়োজনীয় তথ্য ও দলিলপত্রসহ আবেদন দাখিল করতে হবে।<br>(ঙ) যারা ২০২৫-২৬ অর্থ সালের জন্য তালিকাভুক্ত/হালনাগাদ/নবায়ন করেছেন তাদের ২০২৬-২৭ অর্থ সালের হালনাগাদের নিমিত্তে নবায়ন ফি ২০০০/- (দুই হাজার) টাকা বাংলাদেশ ব্যাংকের যে কোন তফসিলভুক্ত ব্যাংকে কোড নং-১৪২২৩৩৫ তে **মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে অথবা অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম** এর অনুকূলে ও মূল্য সংযোজন কর (ভ্যাট) ৩০০/- (তিন শত) টাকা কোড নং-১১৪১১০১ তে **শুল্ক, আবগারী ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রামের** অনুকূলে এ. চালানের মাধ্যমে জমা করে এ. চালানের কপি সংগ্রহ করতে হবে। এ. চালানের কপি, হালনাগাদ ট্রেড লাইসেন্স; ২০২৫-২৬ করবর্ষের আয়কর রিটার্ণ পরিশোধের প্রমাণপত্র; মূল্য সংযোজন কর সনদ এবং **নির্ধারিত ফরমেটে আবেদনসহ প্রতিষ্ঠানের প্যাডে ফরওয়ার্ডিং** এই দপ্তরের সিটিসি শাখায় দাখিল করতে হবে।<br>(চ) কোন প্রতিষ্ঠানের ঠিকানা কিংবা অন্য কোন তথ্য পরিবর্তিত হয়ে থাকলে তাদেরকে আবেদন ফরম এর ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা বাংলাদেশ ব্যাংকের যে কোন তফসিলভুক্ত ব্যাংকে কোড নং-১৪২২৩২৮ তে **মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে অথবা অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম** এ. চালানের মাধ্যমে জমা করে এ. চালানের কপি সংগ্রহ করতে হবে। এ. চালানের কপি এই দপ্তরের সিটিসি শাখায় জমা করে আবেদন ফরম সংগ্রহ করে যথাযথ নিয়মে আবেদন দাখিল করতে হবে।<br>(ছ) তালিকাভুক্তি/হালনাগাদ তালিকা ওয়েবসাইট : www.railway.gov.bd তে প্রকাশ করা হবে। | | |

28.04.25

(মোঃ রাহিদ হোসেন)
সরঞ্জাম নিয়ন্ত্রক (পূর্ব)
☎০১৭১১-৬৯১৬৫২
cose@railway.gov.bd